# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৮৯

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা আনকাবুত

بَابٌ: وَمِنْ سُورَةِ الْعَنْكَبُوتِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، وَمُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، قَالاَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ، قَالَ سَمِعْتُ مُصْعَبَ بْنَ سَعْدٍ، يُحَدِّثُ عَنْ أَبِيهِ، سَعْدٍ قَالَ أُنْزِلَتْ فِيَّ أَرْبَعُ آيَاتٍ . فَذَكَرَ قِصَّةً فَقَالَتْ أُمُّ سَعْدٍ أَلَيْسَ قَدْ أَمَرَ اللَّهُ بِالْبِرِّ وَاللَّهِ لاَ أَطْعَمُ طَعَامًا وَلاَ أَشْرَبُ شَرَابًا حَتَّى أَمُوتَ أَوْ تَكْفُرَ قَالَ فَكَانُوا إِذَا أَرَادُوا أَنْ يُطْعِمُوهَا شَجَرُوا فَاهَا فَنَزَلَتْ هَذِهِ الآيَةُ : (ووَصَّيْنَا الإِنْسَانَ بِوَالِدَيْهِ حُسْنًا ) الآيَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৩১৮৯. মুহাম্মাদ ইবন বাশশার ও মুহাম্মাদ ইবন মুছান্না (রহঃ) ...... সা’দ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, আমার বিষয়ে চারটি আয়াত নাযিল হয়েছে। এরপর তিনি সেই ঘটনার বিবরণ দিলেন। সা’দ (ঈমান গ্রহণ করলে) সা’দের মা তাঁকে বলেছিলেনঃ আল্লাহ্‌ কি মার সঙ্গে সদাচারণের নির্দেষ দেননি? আল্লাহর কসম, আমি কোন খাদ্য গ্রহণ করব না এবং পানিও পান করব না, যতক্ষণ আমি মারা না যাই অথবা তুমি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে অস্বীকার না কর। রাবী বলেন, লোকেরা তাকে যখন খাওয়াতে ইচ্ছা করত তার মুখ কাফি দিয়ে ফাঁক করত। এই প্রসঙ্গে নাযিল হয়ঃ

ووَصَّيْنَا الإِنْسَانَ بِوَالِدَيْهِ حُسْنًا

’’আমি মানুষকে নির্দেশ দিয়েছি তার মা-বাপের প্রতি সদ্ব্যবহার করতে: তবে এরা যদি তোমার উপর বল প্রয়োগ করে, আমার প্রতি এমন কিছু শরীক করতে। (আয়াত নং ৮)।

সহীহ, মুসলিম ৭/১২৫, ১২৬, তিরমিজী হাদিস নম্বরঃ ৩১৮৯ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন)হাদীসটি হাসান-সহীহ।

## English

Narrated Mus'ab bin Sa'd:
that his father, Sa'd, said: "Four Ayat were revealed about me" and he mentioned the story. Umm Sa'd had said: "Did not Allah command you to honor (your parents). By Allah! I will not eat or drink anything until I die or you renounce (Islam)." He said: "So when they wanted to make her eat, they would force her mouth open. So this Ayah was revealed: And We have enjoined on man to be dutiful to his parents; but if they strive to make you associate (partners) with Me, of which you have no knowledge, then obey them not (29:8)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ সা’দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38541

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন